

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং -৩৪

১৬ আষাঢ়, ১৪২৭

তারিখ : -----

৩০ জুন, ২০২০

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিল ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাসের প্রাদুর্ভাব রোধকল্পে পর্ষদের সভা
ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৩ মার্চ, ২০২০ ও ১৭ মে, ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং যথাক্রমে ০৯ ও ২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখিত সার্কুলার লেটার দুইটিতে পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সকল সভা ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। ১৭ মে, ২০২০ তারিখে জারিকৃত সার্কুলার লেটারে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত আংশিক বা পূর্ণাঙ্গ সভার ক্ষেত্রে ভিডিও ফুটেজ সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে সভার ভিডিও ফুটেজ সংরক্ষণের ক্ষেত্রে কিছু কিছু সফটওয়্যারের সীমাবদ্ধতা রয়েছে মর্মে ব্যাংকসমূহ অবহিত করেছে। এতদ্ব্যতীত, কতিপয় ব্যাংক সভাসমূহে আলোচিত গোপনীয় বিষয়াবলী হ্যাকিং হওয়ার আশংকা প্রকাশ করেছে।

০৪। এক্ষেত্রে, বর্ণিত বিষয়াবলী বিবেচনায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত আংশিক বা পূর্ণাঙ্গ সভার ক্ষেত্রে ভিডিও ফুটেজ সংরক্ষণ করার বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিতে আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথানিয়মে কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ ও যথারীতি স্বাক্ষরিত হতে হবে।

০৫। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০২৫২